# ১৫০০ মাদ্রাসায় ‘বঙ্গবন্ধু ও মুক্তিযুদ্ধ কর্নার’ তৈরির নির্দেশ

ইত্তেফাক রিপোর্ট

প্রকাশ : ২০ মার্চ ২০২১, ০০:০০

মাদ্রাসা শিক্ষার্থীদের মধ্যে মুক্তিযুদ্ধের চেতনা ছড়িয়ে দিতে ও বঙ্গবন্ধুর আদর্শে উজ্জীবিত করতে সারা দেশের অধিভুক্ত ১ হাজার ৫০০ মাদ্রাসায় ‘বঙ্গবন্ধু ও মুক্তিযুদ্ধ কর্নার’ তৈরির নির্দেশনা দিয়েছে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়। যথাসম্ভব দ্রুততম সময়ে এটি বাস্তবায়ন করে বিশ্ববিদ্যালয়কে জানাতে বলা হয়েছে।

দৈনিক ইত্তেফাকের সর্বশেষ খবর পেতে Google News অনুসরণ করুন

জানা গেছে, দেশের মাদ্রাসাগুলোতে এ সংক্রান্ত নির্দেশনা ইতিমধ্যে পাঠিয়েছে আরবি বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর অধ্যাপক ড. মুহাম্মদ আহসান উল্লাহ এ প্রসঙ্গে গণমাধ্যমকে বলেন, মাদ্রাসার শিক্ষার্থীদের মধ্যে মুক্তিযুদ্ধ ও বঙ্গবন্ধু চেতনা ছড়িয়ে দিতে এ উদ্যোগ নেওয়া হয়েছে। এই কর্নারের মাধ্যমে ছাত্রছাত্রীরা মহান মুক্তিযুদ্ধের সঠিক ইতিহাস জানতে পারবে। ফলে তারা মুক্তিযুদ্ধের চেতনায় উদ্‌বুদ্ধ হবে। মুক্তিযুদ্ধের চেতনায় বিশ্বাসী কোনো শিক্ষার্থী জঙ্গিবাদের দিকে ঝুঁকবে না। ভিসি আরো বলেন, মুক্তিযুদ্ধ কর্নারে মহান মুক্তিযুদ্ধের ঐতিহাসিক দলিলাদি ও যুদ্ধের প্রামাণ্যচিত্র সংরক্ষিত থাকবে। সেখান থেকে তরুণ প্রজন্ম বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের আদর্শ, জীবনাচার, রাজনৈতিক দর্শন, নেতৃত্বগুণ, দেশপ্রেমসহ সার্বিক কর্মকাণ্ড সম্পর্কে জানতে পারবে। তারা বঙ্গবন্ধুর আদর্শে উজ্জীবিত হবে।